

AgriMIS

- AgriMIS বাংলাদেশ ব্যাংক কর্তৃক উদ্ভাবিত কৃষি ঋণ তথ্য সংগ্রহের সফটওয়্যার, যার মাধ্যমে সহজেই ব্যাংকের শাখা হতে প্রদত্ত কৃষি ঋণ বিতরণের তথ্য বাংলাদেশ ব্যাংকে রিপোর্ট করা সম্ভব হচ্ছে।
- এই সিস্টেমের মূল লক্ষ্য হলো দেশের ব্যাংকগুলোর কৃষি ঋণ বিতরণ ও আদায়ের প্রক্রিয়াকে আরও স্বচ্ছ, দ্রুত এবং জবাবদিহিমূলক করা।
- এর মাধ্যমে প্রতিটি ব্যাংকের মার্চ পর্যায়ের কৃষি ঋণ বিতরণ সংক্রান্ত সঠিক তথ্য ও প্রতিবেদন সরাসরি বাংলাদেশ ব্যাংকে প্রদর্শিত হয়।
- এটি ব্যাংকিং ব্যবস্থার আমলাতান্ত্রিক জটিলতা কমিয়ে প্রান্তিক কৃষকদের কাছে সহজে ও সঠিক সময়ে ঋণ পৌঁছাতে পরোক্ষভাবে ভূমিকা রাখছে।

সুবিধাভোগী	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত ২০২৫-২০২৬ সালের ইনোভেশন শোকেসিং এ প্রদর্শিত।
১. কেন্দ্রীয় ব্যাংক	
২. তফসিলি ব্যাংক	
৩. সাধারণ জনগণ	

eDesk

- eDesk সিস্টেম বাংলাদেশ ব্যাংকের নিজস্ব জনবল দ্বারা উন্নয়নকৃত একটি নতুন সফটওয়্যার যার মাধ্যমে প্রচলিত ম্যানুয়াল নথি ব্যবস্থাপনা প্রতিস্থাপিত হয়েছে।
- এ সিস্টেমের মাধ্যমে ব্যাংকের নথি ব্যবস্থাপনা কার্যক্রম যেমন-বিবেচ্যপত্র প্রাপ্তি, নোট প্রস্তুত, উপস্থাপন, অনুমোদন এবং অনুমোদন পরবর্তী নিষ্পত্তিসংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে।
- ব্যাংকের দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম অধিকতর গতিশীল ও কাগজবিহীন হয়েছে।

সুবিধাভোগী	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত ২০২৫-২০২৬ সালের ইনোভেশন শোকেসিং এ প্রদর্শিত।
১. কেন্দ্রীয় ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারী	

CIS (Credit Information System)

- CIS হলো একটি কেন্দ্রীয় ডিজিটাল অবকাঠামো, যা ঋণগ্রহীতাদের ঋণসংক্রান্ত তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও প্রক্রিয়া করে।
- এটি মূলত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর ব্যবহৃত একটি স্বয়ংক্রিয় প্রযুক্তিগত মাধ্যম।
- এই সিস্টেমের মাধ্যমে গ্রাহকদের পূর্বের ঋণের পরিমাণ, কিস্তি পরিশোধের ইতিহাস এবং খেলাপি সংক্রান্ত বিস্তারিত তথ্য জানা যায়।
- বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (CIB) বিভাগ দ্বারা সফটওয়্যারটি পরিচালিত হয়।
- ঋণ প্রদানের পূর্বে গ্রাহকের যোগ্যতা যাচাই করতে এবং আর্থিক খাতের ঝুঁকি ও খেলাপি ঋণের হার কমাতে এই সিস্টেমটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

সুবিধাভোগী	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত ২০২৪-২০২৫ সালের ইনোভেশন শোকেসিং এ প্রদর্শিত এবং নিয়ন্ত্রক সংস্থা ক্যাটাগরিতে শ্রেষ্ঠ উদ্ভাবনী পুরস্কারপ্রাপ্ত।
১. কেন্দ্রীয় ব্যাংক	
২. তফসিলি ব্যাংক	
৩. ব্যবসায়ী	
৪. ঋণপ্রত্যাশী জনগণ (প্রত্যক্ষভাবে)	



বাংলাদেশ ব্যাংক ইনোভেশন টিম

পরিচিতি: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সেবার মানোন্নয়ন, প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি এবং প্রযুক্তিনির্ভর জনসেবা নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন উদ্ভাবনী (Innovative) কার্যক্রম বাস্তবায়ন করেছে। সরকারের ইনোভেশন সংক্রান্ত কার্যাবলির সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশ ব্যাংকেও ২০১৫ সালে ইনোভেশন টিম গঠন করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক ইনোভেশন টিম বাংলাদেশ ব্যাংকের সেবাদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নে কাজ করে যাচ্ছে। এ লক্ষ্যে ইনোভেশন টিম সৃজনশীল চর্চার অভ্যাস ও ক্ষেত্র তৈরি করা, আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমে গতিশীলতা সৃষ্টির মাধ্যমে নিজস্ব কার্যাবলীতে উদ্ভাবনকে অর্ন্তভুক্ত ও উৎসাহিত করা, সরকারের ইনোভেশন কার্যক্রমের আওতায় অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের কার্যক্রমের সাথে সমন্বয় সাধন এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত ইনোভেশন শোকেসিং এ নিয়মিতভাবে অংশগ্রহণ করা সহ বিভিন্ন আনুষঙ্গিক কার্যাবলি সম্পাদন করে।

ইনোভেশন টিম:

জনাব মোঃ আমির হোসেন পাঠান

ইনোভেশন অফিসার

চীফ ইনফরমেশন সিকিউরিটি অফিসার, সাইবার সিকিউরিটি ইউনিট

জনাব কুমকুম সুলতানা

ফোকাল পয়েন্ট সদস্য

অতিরিক্ত পরিচালক, হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১

জনাব মুহাম্মদ শফিউল আলম

সদস্য

অতিরিক্ত পরিচালক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-২

জনাব মুহাম্মদ জাহিদ ইকবাল

সদস্য

অতিরিক্ত পরিচালক, পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট-২

জনাব এস. এম তোফায়েল আহমাদ

সদস্য

অতিরিক্ত পরিচালক (আইসিটি), ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি ডিপার্টমেন্ট

জনাব মোঃ মাহমুদুর রহমান মামুন

সদস্য সচিব

যুগ্মপরিচালক, হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১



আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত ইনোভেশন শোকেসিং এ ইনোভেশন টিম কর্তৃক প্রদর্শিত সফটওয়্যারসমূহ:

RTGS (Real-Time Gross Settlement)

- RTGS হলো একটি ইলেক্ট্রনিক তহবিল স্থানান্তর প্রক্রিয়া যার মাধ্যমে অত্যন্ত দ্রুত এবং নিরাপদ উপায়ে এক ব্যাংক থেকে অন্য ব্যাংকে বড় অঙ্কের টাকা লেনদেন করা যায়।
- এই পদ্ধতিতে প্রতিটি লেনদেন এককভাবে এবং কোনো প্রকার বিলম্ব ছাড়াই রিয়েল-টাইমে নিষ্পত্তি করা হয়, যার ফলে টাকা পাঠানোর সাথে সাথেই তা প্রাপকের অ্যাকাউন্টে জমা হয়ে যায়।
- সাধারণত বড় ধরনের ব্যবসায়িক লেনদেন বা জরুরি অর্থ স্থানান্তরের জন্য এটি ব্যবহৃত হয় এবং এ লেনদেনের কোনো সর্বোচ্চ সীমা থাকে না।
- এটি সম্পূর্ণ সুরক্ষিত এবং কেন্দ্রীয় ব্যাংক দ্বারা সরাসরি নিয়ন্ত্রিত হওয়ায় এতে কোনো ফ্রেডিট ঝুঁকি বা অর্থ হারানোর ভয় থাকে না।
- সাধারণত ১ লাখ টাকা বা তার বেশি অঙ্কের লেনদেনের জন্য এই ব্যবস্থাটি ব্যাপকভাবে ব্যবহৃত হয়ে থাকে।

সুবিধাভোগী	
১. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত ২০১৬ সালের ইনোভেশন শোকেসিং এ প্রদর্শিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী পুরস্কারপ্রাপ্ত।
২. ব্যবসায়ী	
৩. সাধারণ একাউন্টধারী জনগণ	

SRMS (Smart Recruitment Management System)

- SRMS বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন পদমর্যাদায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ, প্রার্থীদের জীবনবৃত্তান্ত সংরক্ষণ, আবেদনপত্র গ্রহণ, পরীক্ষার্থীদের Admit Card প্রদান এবং পরীক্ষার Signature sheet প্রস্তুতের মত কাজগুলো সম্পাদনের জন্য অনলাইন ভিত্তিক ও মোবাইলবান্ধব একটি সফটওয়্যার।
- এ সফটওয়্যারটির মাধ্যমে নিয়োগ সংক্রান্ত সকল কার্যক্রমের ট্র্যাকিং, মনিটরিং ও ইভেন্ট ক্যালেন্ডারের মাধ্যমে ইভেন্ট শিডিউলিং করা সহজ হয়েছে।
- নিয়োগ সংক্রান্ত প্রয়োজনীয় সকল Report ও ফর্ম স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত, অনলাইনে অফার লেটার ও অন্যান্য ফর্ম সফটওয়্যারটির মাধ্যমে প্রেরণ করা হয়।
- নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের প্রয়োজনীয় সকল তথ্য প্রাপ্তি নিশ্চিত করে ERP (Enterprise Resource Planning) System এ নির্ভুলভাবে ও দ্রুততম সময়ে ম্যানুয়াল এন্ট্রি ছাড়াই অটো ভেলিডেশন এর মাধ্যমে তথ্য আপলোড করা যায়।

সুবিধাভোগী	
১. কেন্দ্রীয় ব্যাংক	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত ২০২০ - ২০২১ সালের ইনোভেশন শোকেসিং এ প্রদর্শিত এবং উদ্ভাবনী পুরস্কারপ্রাপ্ত।
২. চাকুরিপ্রত্যাশী প্রার্থীগণ	



ePMS (e-Performance Management System)

- ePMS সফটওয়্যার এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে কর্মরত অফিসার হতে তদূর্ধ্ব সকল কর্মকর্তার বার্ষিক কর্মমূল্যায়ন সংক্রান্ত সার্ভিস সমূহের (কর্মকর্তার দায়িত্ব নির্ধারণ, অর্ধ-বার্ষিক রিপোর্ট এবং বার্ষিক রিপোর্ট দাখিল এবং অনুমোদন) প্রয়োজনীয় সকল কার্যাবলি সম্পাদন করা হয়।
- এটি প্রচলিত কাগজের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদন পদ্ধতির পরিবর্তে সম্পূর্ণ অনলাইনভিত্তিক স্বয়ংক্রিয় মূল্যায়ন ব্যবস্থা নিশ্চিত করে।
- সঠিক ও নিরপেক্ষ মূল্যায়নের মাধ্যমে যোগ্য কর্মকর্তাদের পদোন্নতি প্রদানে এটি মূল ভূমিকা রাখে।
- এটি মানবসম্পদ ব্যবস্থাপনার জটিল প্রক্রিয়াকে সহজ করে সময় সাশ্রয় করে এবং ব্যাংকের সামগ্রিক প্রাতিষ্ঠানিক উৎপাদনশীলতা ও কর্মদক্ষতা বাড়ায়।

সুবিধাভোগী	
বাংলাদেশ ব্যাংকে কর্মরত উপসহকারী পরিচালক হতে তদূর্ধ্ব সকল কর্মকর্তা।	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত ২০২৩ - ২০২৪ সালের ইনোভেশন শোকেসিং এ প্রদর্শিত।

